




Ri TORPIGNA

RIDUCO, RIUSO, RICICLO



বর্জ্যবিষয়ক সংস্থার কার্যক্রম যথাযথভাবে পালনের আহ্বান জানানোর লক্ষ্যে এলাকা কমিটি নানাবিধি ধারাবাহিক পদক্ষেপ গ্রহণ করেছে। এর পাশাপাশি আমরা বিশ্বাস করি যে আমরা প্রত্যেকেই উক্ত সমস্যার সমাধানের জন্য একত্রিত হলে বিপুল পরিমাণ বর্জ্যনিষ্পত্তি হ্রাস সম্ভব হবে।

নিম্নে আবর্জনা কমানোর সহায়ক হিসেবে আমাদের প্রস্তাবিত ১০টি পদক্ষেপ উপস্থাপন করা হলো।



১ খাদ্যের অপচয় রোধ

সর্বদা ক্রয়কৃত পণ্যের মেয়াদোভীর্ণ তারিখের দিকে খেয়াল রাখতে হবে এবং নির্ধারিত তারিখের পূর্বে তা ব্যবহারের পরিকল্পনাপূর্বক খাদ্যের অব্যাধি অপচয় রোধ করতে হবে।



২ পুনর্ব্যবহারযোগ্য দ্রব্যদ্বারা নিষ্পত্তিযোগ্যদ্রব্যের (এমনভাবে তৈরি জিনিস যা ব্যবহারের পর ফেলে দিতে হয়) যথাযথ প্রতিস্থাপন

শুধু একবার ব্যবহারের উপযোগী পাস্টিকের গাস, পেট, খাবার টেবিলে ব্যবহৃত চামচ, কাটাচামচ, ছুরি, পকেটিচিসু, কাগজের ন্যাপকিন ইত্যাদি না কিনে; এইসব উপকরণ পুনর্ব্যবহারযোগ্য সমতুল্য দ্রব্যদ্বারা তৈরি উপকরণের মাধ্যমে প্রতিস্থাপিত করতে হবে।




৩ অত্যধিক প্যাকেটজাত পণ্য ক্রয় এড়িয়ে চলা(বিশেষকরে পাস্টিক দিয়ে প্যাকেট করা পণ্যের ক্ষেত্রে)

যেকোন খাদ্যদ্রব্য কেনার সময় যতটুকু সম্ভব প্যাকেটজাত পণ্য বাছাই করা হতে বিরত থাকাই শোয়া; কেননা প্যাকেটজাত পণ্য অপ্যাকেটজাত পণ্যের তুলনায় সতেজ যেমন কম হয়, দামও তেমন তুলনামূলকভাবে বেশি হয়।



৪ ট্যাপকৃত পাত্রের (ছিপিদ্বারা বন্ধ পণ্য যা শেষ হয়ে গেলে একই পাত্র একই পণ্য দ্বারা পুনরায় পূর্ণ করা যায়) পণ্য ক্রয়ে আগ্রহী হোন

ডিটারজেন্ট, শাওয়ার জেল, তরল সাবান ইত্যাদি, এমনকি অনেক খাদ্যদ্রব্যও ট্যাপকৃত পাত্রে কেনার সুযোগ রয়েছে; যাতে করে বিভিন্ন ধরণের পাত্র, বোতল, ডিস্পেন্সার, কটেইনার, গ্যালন ইত্যাদির আবর্জনায় পরিণত হওয়া উল্লেখযোগ্যভাবে হ্রাস পেতে পারে। এজাতীয় পণ্যের দোকান অন্যান্য সুপারমার্কেটের মত বাসার সন্নিকটে না হলেও বছরে অল্প কয়েকবারেও পর্যাপ্ত সরবরাহ সম্ভব(এদের অধিকাংশই হোম ডেলিভারি সার্ভিস প্রদান করে থাকে)।



৫ সব ডাস্টবিন একইভাবে পূর্ণ করা হতে বিরত থাকা

বাসার নিকটস্থ ডাস্টবিন যদি কানায় কানায় পূর্ণ থাকে; তাহলে আবর্জনার প্যাকেটটি মাটিতে ফেলার আগে অন্য কোন খালি ডাস্টবিন(হয়তো পাশের ভিয়াতে)কষ্ট করে খুঁজলে পাওয়া যেতে পারে-যা কমসংখ্যক লোককৃত ব্যবহৃত হয়।




৬ আবর্জনা ফেলার আগে অত্যাবশ্যকীয় ভূমিকা

বিভিন্নধরণের পাস্টিকের পাত্র, বোতল, ডিস্পেন্সার, কটেইনার, গ্যালন ইত্যাদি আবর্জনায় পরিণত করার আগে ভালো করে বাতাস বের করে ফেলা অত্যাবশ্যক। কাগজ ফেলার সময় ক্ষুদ্রাকৃতির দলা/বল না করে যথাসম্ভব ভাঁজ করে/বাতাসমুক্তাকরে ফেললে ডাস্টবিনের ধারণক্ষমতা বাড়বে।



৭ অনিয়ন্ত্রণযোগ্য আবর্জনা নির্দিষ্ট নিষ্পত্তি করণ স্থানে ফেলা উচিত

এজাতীয় বর্জ্য নিষ্পত্তির জন্য নির্দিষ্ট সংগ্রহ কেণ্দ্র রয়েছে(নেৎ কমুনের বর্জ্যসংগ্রহ কেন্দ্র ভিয়া তেয়ানো-৩৮ [লাগো প্রেনেন্টে] অবস্থিত), এধরণের বর্জ্য বাসা থেকেও সরাসরি সংগ্রহ হয় (সেক্ষেত্রে রোমা ০৬০৬০৬ নম্বরে ফোন করতে হবে) অথবা রাবিবারে এজাতীয় বর্জ্য নিষ্পত্তির জন্য বা যেকোন অস্বাভাবিক এজাতীয় বর্জ্য নিষ্পত্তির জন্যও এদের শরণাপন্ন হওয়া যাবে।



৮ বন্ধ, পোশাক-পরিচ্ছদ ও জুতা

যেহেতু বন্ধ, পোশাক-পরিচ্ছদ ও জুতা ডাস্টবিনের প্রাচুর স্থান দখল করে, সেহেতু এসব ডাস্টবিনে ফেলা ঠিক না; এদের জন্য অনেক বিকল্প রয়েছে:

১. যাদের প্রয়োজন তাদের উপহার হিসেবে দেয়া যায়;
২. বিভিন্ন ব্রেচিসেবক প্রতিষ্ঠানে প্রদান করা যেতে পারে;
৩. অনলাইনে বিক্রির চেষ্টা করা যেতে পারে;
৪. পুরানো দ্রব্যসামগ্ৰী বিক্রির দোকানে সরবরাহ করা যেতে পারে;
৫. সর্বশেষ উপায় বন্ধ, পোশাক-পরিচ্ছদ ও জুতার জন্য বিশেষভাবে পরিকল্পিত “হলুদ ডাস্টবিন” এ ফেলতে হবে।

৯ আবর্জনা ফেলার আগে তা পুনর্ব্যবহারযোগ্য কিনা সেটি মূল্যায়ন করুন

অনেকগুলি সাইট আছে যারা দৈনন্দিন বন্ধের সংজ্ঞালীল ও মজাদার পুনর্ব্যবহারযোগ্যতা সম্পর্কীয় কাজ করে। এমর্যে বন্ধটিকে আবর্জনায় পরিণত করার পূর্বে তাদের সাথে পরামর্শ করার চেষ্টা করা যেতে পারে।

১০ উপরোক্ত কৌশলগুলো নিজে জানুন এবং আপনার প্রতিবেশী ও এলাকার বাসিন্দাদের মাঝে তা প্রচার ও শেয়ার করুন

উপরোক্ত প্রস্তাবিত কৌশলগুলো আপনার মাধ্যমে যত বেশিবেশি প্রচারিত ও প্রসারিত হবে; আমাদের এলাকাটি ততবেশি আবর্জনামুক্ত হওয়ার সম্ভাবনা বৃদ্ধি পাবে।

I ❤️ TORPIGNA

Comitato di Quartiere Tor Pignattara

সহযোগীতায় আছেন RiTorpigna:

A.Oliveti, A. Pascale, D. Colonna

mail: grupporitorpigna@gmail.com